

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৮৩

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ আমরা যে নির্দেশের কথা বর্ণনা করলাম, সেটা মুস্তাহাব ও নির্দেশনামূলক ছিল; ওয়াজিব নির্দেশ ছিল না মর্মে বর্ণনা

ذَكَرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْأَمْرَ الَّذِي وَصَفْنَاهُ أَمْرٌ نَدَبٌ وَإِرْشَادٌ دُونَ حَتْمٍ وَإِجَابٍ

আরবী

3783 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحُسَيْنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ الصُّوفِيُّ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ مُحَمَّدٍ أَبُو دَاوُدَ الْمُبَارَكِيُّ حَدَّثَنَا أَبُو شَهَابٍ عَنْ شُعْبَةَ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي الْعَالِيَةِ: عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نُهَلُّ بِالْحَجِّ فَقَدِمَ لِأَرْبَعٍ مِنْ ذِي الْحِجَّةِ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصُّبْحَ بِالْبَطْحَاءِ فَلَمَّا صَلَّى قَالَ: (مَنْ شَاءَ أَنْ يَجْعَلَهَا عَمْرَةً فَلْيَجْعَلَهَا)  
الراوي : ابن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 3783 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৭৮৩. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে হজের ইহরাম বেঁধে বের হই। অতঃপর তিনি যুল হিজ্জাহ মাসের চার তারিখে আগমন করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাতহা নামক স্থানে ফজরের সালাত আদায় করেন। অতঃপর সালাত শেষ করে বলেন, “যে ব্যক্তি এটাকে উমরাহতে পরিণত করতে চায়, সে যেন তা-ই করে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১২৪০; মুসনাদ আহমাদ: ১/৩৭০; মুসনাদ আলী বিন জা'দ: ১২১৭; সহীহুল বুখারী: ১০৮৫; নাসাঈ: ৫/২০১-২০২; সুনান বাইহাকী: ৫/৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৭৮৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93122>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন